# ক্যাম্বেলটাউন বাংলা স্কুল
# ঈদ পুনর্মিলনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান



গত ২৭ নভেম্বর দি গ্রানজ পাবলিক স্কুলের হলে অনুষ্ঠিত হয় ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের ঈদ পুনর্মিলনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। অনুষ্ঠানে বাংলা স্কুলের ছাত্র-ছাত্রী, অভিভাবকবৃন্দ ও সুধী-জন উপস্থিত ছিলেন। ক্যাম্বেলটাউন বাংলা স্কুল প্রতি রবিবার সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত দি গ্রানজ পাবলিক স্কুলে বাংলা শিক্ষা দিয়ে থাকে। ইতিমধ্যেই স্কুলের ছাত্র-ছাত্রীরা বাংলায় বিভিন্ন ক্ষেত্রে সাফল্য দেখিয়েছে। এ বৎসরও ২ জন কৃতি ছাত্র-ছাত্রীকে নিউ সাউথ ওয়েলস শিক্ষা মন্ত্রণালয় থেকে এডুকেশন এডওয়ার্ড প্রদান করা হয়েছে। শাবনুর রহমান ও মানছিব আহমেদ এ বৎসর এ্যাওয়ার্ড লাভ করে। এ অনুষ্ঠানে স্কুলের সভাপতি ডা. বজলুল করিম এওয়ার্ডগুলি শাবনুর রহমান ও মানছিব আহমেদের হাতে তুলে দেন। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন মুক্তিযোদ্ধা মিজানুর রহমান তরুণ ও নাজমুল খান। ঈদ পুনর্মিলনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানটি সফল করতে সহযোগিতা করেছেন স্কুলের সাধারণ সম্পাদক আবদুল মতিন পপলু, শাহ আলম সৈয়দ, মোসলেম উদ্দিন মিয়া ও ইফতেখার ফয়েজ সহ অনেকে। সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান শেষ করেন নাজমুল খান।

